জনদুর্ভোগ বিবেচনায় তেলের দাম অপরিবর্তিত রেখেছে সরকার: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

জনদুর্ভোগের বিষয়টি মাথায় রেখে দেশে জ্বালানি তেল ও ডিজেলের দাম না বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাধীনতা পুরস্কার প্রদান অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন।

তিনি বলেন, বৈশ্বিক অস্থিরতা ও বিভিন্ন দেশে জ্বালানির মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে সরকার পরিস্থিতি স্বাভাবিক রাখতে চেষ্টা করছে। অনেক দেশে দাম বাড়লেও বাংলাদেশে সাধারণ মানুষের চাপ কমাতে এখনো দাম না বাড়িয়ে সরকার প্রতিদিন বিপুল পরিমাণ অর্থ ভর্তুকি দিয়ে যাচ্ছে।

প্রধানমন্ত্রী আরও বলেন, জনগণের স্বার্থ রক্ষাই সরকারের মূল লক্ষ্য এবং এ কারণে সবাইকে অযথা উদ্বিগ্ন না হওয়ার আহ্বান জানান তিনি। একই সঙ্গে রাষ্ট্রীয় অনুষ্ঠান থেকে শুরু করে ব্যক্তিগত জীবনেও অপ্রয়োজনীয় ব্যয় কমানোর অনুরোধ করেন তিনি, যাতে সামগ্রিকভাবে অর্থনৈতিক চাপ নিয়ন্ত্রণে রাখা যায়।

LENS ASIA